যায়যায়দিন

তারিখ ১৫ FEB 2009
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# দিনাজপুর শিক্ষা বোর্ডের প্রথম এসএসসি পরীক্ষা

## পরীক্ষার্থী ১ লাখ ২ হাজার ৬৮৭

দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে আজ হতে প্রথমবারের মতো এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ইতিমধ্যে নতুন এ বোর্ডের অধীনে পরীক্ষা গ্রহণের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এবার দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ১ লাখ ২ হাজার ৬৮৭ পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড সূত্র জানায়, ২০০৬ সালের ২২ অক্টোবর দিনাজপুর শিক্ষা বোর্ড তার কার্যক্রম শুরু করে। এবার প্রথমবারের মতো এ বোর্ডের অধীনে বৃহত্তর দিনাজপুরের ৩টি এবং বৃহত্তর রংপুরের ৫টিসহ মোট ৮টি জেলা নিয়ে গঠিত দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ২০০৯ সালের এসএসসি পরীক্ষায় ২ হাজার ৩২৭টি বিদ্যালয়ের ১ লাখ ২ হাজার ৬৮৭ পরীক্ষার্থী অংশগ্রহণ পৃ:১০ >> ক: ৩

## দিনাজপুর শিক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

করছে। এর মধ্যে ৫১ হাজার ৯৬২ ছাত্র ও ৫০ হাজার ৭২৫ জন ছাত্রী। নিয়মিত পরীক্ষার্থী রয়েছে ৬৬ হাজার ৭৫৪ জন, অনিয়মিত পরীক্ষার্থী ৩৫ হাজার ৭১৩ জন, মান উন্নয়ন পরীক্ষার্থী ২২০ জন।

বিজ্ঞান বিভাগে ৩৫ হাজার ৪৫৩, মানবিক বিভাগে ৬১ হাজার ৪৮১ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ৫ হাজার ৭৫৩ জন ছাত্রছাত্রী অংশ নিচ্ছে। ৯২টি কেন্দ্রের মাধ্যমে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মোট ৮ জেলার মধ্যে দিনাজপুর জেলায় পরীক্ষার্থী ২১ হাজার ২৬৬, ঠাকুরগাঁওয়ে ১১ হাজার ৭, পঞ্চগড়ে ৭ হাজার ৪৯২, রংপুরে ১৯ হাজার ১৩৯, গাইবান্ধায় ১৩ হাজার ৪ জন, লালমনিরহাটে ৭ হাজার ৯২৮, নীলফামারীতে ১১ হাজার ২৫৮ এবং কুড়িগ্রাম জেলায় ১১ হাজার ২২৬ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর পিয়ার উদ্দিন আহমেদ জানান, প্রতিটি কেন্দ্রে পরীক্ষার প্রয়োজনীয় সরঞ্জাম পৌঁছে দেয়া হয়েছে। স্থানীয় কলেজ শিক্ষকদের নিয়ে ৮০টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য প্রত্যেক কেন্দ্রে ৪ পুলিশ সদস্য, প্রত্যেক থানায় ১০ সদস্যের একটি স্ট্রাইকিং ফোর্স। এছাড়া প্রতি জেলায় একটি করে স্পেশাল ফোর্স বাহিনীসহ পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।